JAN. 30 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

খুলনা বিশ্ববিদ্যালয়


## সংকট নিরসনে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত ॥ সমাবর্তনের আগে খুলিয়া দেওয়ার সিদ্ধান্ত

**খুলনা অফিস** ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট সংকট নিরসনকল্পে গত রবিবার বিকালে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন খুলনা সিটি মেয়র শেখ তৈয়েবুর রহমান। বৈঠকে খুলনার বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর (১৩শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### খুলনা বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

অধ্যাপক ডঃ এম এম নজরুল ইসলামসহ শিক্ষকমন্ডলী এবং নগরীর গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হইয়াছে, কর্তৃপক্ষ আগামী ১৪ই ফেব্রুয়ারী সমাবর্তনের পূর্বেই বিশ্ববিদ্যালয় খুলিয়া দিবেন এবং তদন্ত শেষে কমিটির সুপারিশের প্রেক্ষিতে কর্তৃপক্ষ দোষী ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করিবেন। উল্লেখ্য, এক অপ্রীতিকর ঘটনার কারণে গত ২১শে জানুয়ারী বিশ্ববিদ্যালয় অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।




*খুলনা বিশ্ববিদ্যালয়ের অচল অবস্থা নিরসনের দাবিতে গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ঢাকায় মৌন মিছিল করে* — সংবাদ